দৈনিক ইনকিলাব

তারিখ JAN. 9 1999
পৃষ্ঠা ১১ কলাম ৭

81

প্রয়োজন

প্রাথমিক শিক্ষা কর্মকর্তা ঐক্য পরিষদ

# কর্মসূচী প্রত্যাখ্যান সংক্রান্ত সহকারী থানা শিক্ষা অফিসার সমিতির খবর হাস্যষ্পদ

প্রেস বিজ্ঞপ্তি ঃ বাংলাদেশ প্রাথমিক শিক্ষা কর্মকর্তা ঐক্য পরিষদ-এর সাধারণ সম্পাদক মোঃ সুলতান মিয়া এক বিবৃতিতে গত ৪ জানুয়ারী সংবাদপত্রে প্রকাশিত প্রাথমিক শিক্ষা কর্মকর্তা ঐক্য পরিষদ ঘোষিত কর্মসূচী প্রত্যাখ্যান শীর্ষক সংবাদের তীব্র প্রতিবাদ জানিয়েছেন। বিবৃতিতে বলা হয়, প্রাথমিক শিক্ষা কর্মকর্তা ঐক্য পরিষদ এখনও আনুষ্ঠানিকভাবে কর্মসূচী ঘোষণা করেনি।

অথচ সহকারী থানা শিক্ষা অফিসার সমিতির সাধারণ সম্পাদক কর্তৃক ঐক্য পরিষদের কর্মসূচী প্রত্যাখ্যান করার বিষয়টি হাস্যম্পদ। ইতিপূর্বে ঐক্য পরিষদের বিভাগীয় সম্মেলনে পরিষদের ১২ দফা দাবী আদায়ের লক্ষ্যে সহকারী থানা শিক্ষা অফিসার সমিতির সাধারণ সম্পাদক জোড়ালো সমর্থন দেন এবং কর্মসূচীর প্রতি ঐকমত্য ঘোষণা করেন। হঠাৎ তার কর্মসূচী প্রত্যাখ্যান করার কারণ নেহায়েতই ব্যক্তিগত ও রহস্যাবৃত।